নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৬/২৫৩৪ ৩০ এপ্রিল ২০২৬

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গ্রুপ ইন্সুরেন্স, জীবন ও স্বাস্থ্য বীমার লক্ষ্যে প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেড কোম্পানির সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বুধবার (১ এপ্রিল ২০২৬) উপাচার্যের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। চুক্তিতে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেড কোম্পানির পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের গ্রুপ ইন্সুরেন্স ডিভিশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব মো. সাঈদ হাসান রুবেল। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, পরিচালক (ভারপ্রাপ্ত) হিসাব, মো. সাইদুর রহমান, নোবিপ্রবি স্বাস্থ্য ও গোষ্ঠী বীমার সমন্বয়কারী ও উপ-পরিচালক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সহকারী সমন্বয়কারী জনাব মো. মহিউদ্দিন আল ফয়সল ও প্রগতি লাইফ ইন্সুরেন্স লিমিটেড কোম্পানির প্রতিনিধিসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস কমিটির ৪১তম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (০১ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত এ সভায় সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। সভায় সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, পরিকল্পিত উন্নয়ন ছাড়া কোনো প্রতিষ্ঠানই টেকসই অগ্রগতি অর্জন করতে পারেনা। সেই জায়গা থেকে এই কমিটি বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন এবং তদারকীর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন নিশ্চিত করছে।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি সংক্রান্ত কোর কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (০২ এপ্রিল ২০২৬) উপাচার্যের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবিতে গত ২৭ মার্চ গুচ্ছভুক্ত ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত বিভিন্ন কমিটি ও উপ-কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। পরীক্ষা উপলক্ষে বিভিন্ন স্টেকহোল্ডারদের সঙ্গে সমন্বয় সভা করে যানজট নিরসন, পরিষ্কার পরিচ্ছন্নতা, আইন-শৃঙ্খলা ব্যবস্থাসহ অন্যান্য বিষয়গুলো নিশ্চিত করা হয়েছে।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শুক্রবার (৩ এপ্রিল ২০২৬) নোবিপ্রবি কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ৩৬৪৪ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ২৮২০ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৭৭.৩৯ শতাংশ। পরীক্ষা শুরু হলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদসহ পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



৫. ১৫তম বাংলাদেশ কেমিস্ট্রি অলিম্পিয়াডের ২০২৬ এর চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৪ এপ্রিল ২০২৬) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল প্রাঙ্গণে, ঢাবি রসায়ন বিভাগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. এ.এন.এম. এহসানুল হক মিলন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ.বি.এম. ওবায়দুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বোর্ড অব অ্যাডভান্স স্টাডিজের (বোয়াস) সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০৭ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামের আইকিউএসি সেমিনার কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, বোয়াসের সদস্যবৃন্দ এবং শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) একাডেমিক কাউন্সিলের ৭৩তম সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (০৮ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আইকিউএসি সেমিনার কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য একাডেমিক কাউন্সিলের সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে নোবিপ্রবিকে আরও এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক প্রকল্পের অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (০৯ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আইকিউএসি সেমিনার কক্ষে "অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টারপ্ল্যান প্রণয়ন শীর্ষক প্রকল্প" এর অধীনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় তিনি মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শুক্রবার (১০ এপ্রিল ২০২৬) নোবিপ্রবিসহ মোট ৭ টি কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ১০৭৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ৭৮০১ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৭২.২৫ শতাংশ। পরীক্ষা শুরু হলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় (GST) গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রতিনিধিবৃন্দ, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) রিজেন্ট বোর্ডের ৬৯তম সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১১ এপ্রিল ২০২৬) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নে সদস্যদের মূল্যবান মতামত ও পরামর্শ গ্রহণ করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সভায় মতবিনিময় হয়। পরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামোগত উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন উপাচার্য। সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাসহ রিজেন্ট বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বাংলা নববর্ষ-১৪৩৩ উপলক্ষে বর্ণাঢ্য 'বৈশাখী শোভাযাত্রা' ও নানা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৪ এপ্রিল ২০২৬) আয়োজিত এ শোভাযাত্রায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শোভাযাত্রা শেষে নোবিপ্রবি শহিদ মিনারের পাদদেশে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা। আজকের এ দিনটি আমাদের সবার জন্য সর্বজনীন একটি উৎসব। আবহমান বাংলায় উৎসবমুখর পরিবেশে এটি পালিত হয়ে আসছে। বাংলা নববর্ষ বাঙালির চিরন্তন ঐতিহ্য, সংস্কৃতি ও অসাম্প্রদায়িক চেতনার অনন্য প্রতীক। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বার্ষিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান ২০২৫-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৫ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের শরীরচর্চা শিক্ষা দপ্তর কর্তৃক কেন্দ্রীয় খেলার মাঠে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে ক্রীড়ার ভূমিকা অপরিসীম। নিয়মিত খেলাধুলা একজন শিক্ষার্থীকে শুধু সুস্থই রাখে না, বরং নেতৃত্ব, শৃঙ্খলা ও দলগত মনোভাব গড়ে তুলতে সহায়তা করে।



১৩. ইত্যাদি ফাউন্ডেশন বৃত্তি পরীক্ষা ২০২৫-এর বৃত্তি, সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান শনিবার (১৮ এপ্রিল ২০২৬) নোয়াখালীর বেগমগঞ্জে শহিদ আমান উল্যাহ পাবলিক উচ্চ বিদ্যালয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপ-সচিব জনাব আবু নাছের টিপু। প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শিক্ষার্থীদের মেধা বিকাশে বৃত্তি ও পুরস্কার প্রদান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ধরনের আয়োজন তাদের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব ও জ্ঞান অর্জনের আগ্রহ বাড়ায়।



১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রশাসনিক ও একাডেমিক ভবনসমূহ পরিদর্শন করেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) একটি বিশেষজ্ঞ দল। রবিবার (১৯ এপ্রিল ২০২৬) এ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। পরিদর্শন দলের প্রধান ছিলেন বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. খান মাহমুদ আমানাত। পরিদর্শনকালে নোবিপ্রবির ভবনসমূহের কাঠামোগত নিরাপত্তা, নির্মাণমান এবং দীর্ঘমেয়াদি রক্ষনাবেক্ষণের বিভিন্ন দিক দেখা হয়।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের সঙ্গে তুরস্কের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২০ এপ্রিল ২০২৬) ইরাসমাস চুক্তির আওতায় নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাডেমিক কার্যক্রম বিনিময় নোবিপ্রবির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীরা আন্তর্জাতিকমানের জ্ঞান ও গবেষণার সঙ্গে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাচ্ছে। ভবিষ্যতে এ ধরণের সহযোগিতা আরও সম্প্রসারিত হবে বলে আমরা আশাবাদী।



১৬. নোয়াখালীতে স্বপ্ন দেখি ফাউন্ডেশনের উদ্যোগে 'মেধাবৃত্তি পরীক্ষা-২০২৫' এর শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল ২০২৬) জেলার সোনাইমুড়ী উপজেলার মেজবান কমিউনিটি সেন্টারে আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, মেধাবী ও অসহায় শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে স্বপ্ন দেখি ফাউন্ডেশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের মাঝে প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টি করে এবং তাদের উচ্চশিক্ষা অর্জনে উৎসাহিত করে।




১৭. টাইমস হায়ার এডুকেশন (THE) কর্তৃক প্রকাশিত এশিয়া বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিং ২০২৬-এ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ৬০১-৮০০ ব্যান্ডে স্থান পেয়েছে। এই অর্জন বিশ্ববিদ্যালয়ের জন্য একটি গৌরবময় মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল শুক্রবার (২৪ এপ্রিল ২০২৬) এক বিবৃতিতে এ অর্জনের জন্য নোবিপ্রবির  শিক্ষক, গবেষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের এ অর্জন যেন দীর্ঘমেয়াদে টেকসই প্রভাব ফেলে, সে লক্ষ্যে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সঙ্গে কাজ অব্যাহত থাকবে। তিনি আরও উল্লেখ করেন, ২০২৫ সালে নোবিপ্রবি থেকে স্কুপাস-ইনডেক্সে ৫৪৯টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে, যা এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে সর্বোচ্চ এবং দেশের অন্যান্য বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর তুলনায় সেরা অর্জন।



১৮. যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডাতে পিএইচডি অধ্যয়নরত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রাক্তন শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টি মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শনিবার (২৫ এপ্রিল ২০২৬) এক শোকবার্তায় তিনি বলেন, 'নাহিদা সুলতানা বৃষ্টি নোবিপ্রবির অ্যাপ্লায়েড কেমিস্ট্রি অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৩তম ব্যাচের একজন মেধাবী ও সম্ভাবনাময় শিক্ষার্থী ছিলেন। তার এমন মৃত্যু আমাদের জন্য অপূরণীয় ক্ষতি। বৃষ্টির এমন মৃত্যুতে জড়িতদের যুক্তরাষ্ট্রের প্রচলিত আইনে কঠোর শাস্তি ও নিহতের পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের দাবি জানাই। শোকবার্তায় উপাচার্য মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।




১৯. Nahida Brishti, a former student of Noakhali Science and Technology University (NSTU), who was pursuing her PhD at the University of South Florida in the United States, has passed away. Inna Lillahi wa Inna Ilayhi Raji'un.The Vice-Chancellor (VC) of the university, Professor Dr. Mohammad Ismail, has expressed deep sorrow and grief at her death.

In a condolence message issued today (Saturday, April 25, 2026), he said, “Nahida Brishti was a talented and promising student of the 13th batch of the Department of Applied Chemistry and Chemical Engineering at NSTU. After completing her undergraduate studies, she went to the United States for higher education. Her untimely death is an irreparable loss to the university and the nation.”



২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৫-২৬ এর ট্রফি উন্মোচন ও উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। রোববার (২৬ এপ্রিল ২০২৬) নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। নোবিপ্রবি শরীরচর্চা শিক্ষা দপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, জয়-পরাজয় খেলারই অংশ। এ বিষয়টি মাথায় রেখে আমাদের খেলায় অংশগ্রহণ করতে হবে। আমি আশা করবো আমাদের শিক্ষকবৃন্দ মাঠে উপস্থিত থাকবেন এবং খেলোয়াড়দের উৎসাহিত করবেন।



২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'বিশ্ব মেধাস্বত্ব দিবস-২০২৬' পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার (২৬ এপ্রিল ২০২৬) নোবিপ্রবিতে র‍্যালি ও সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। 'মেধাস্বত্ব ও ক্রীড়া; প্রস্তুত হও, শুরু করো, উদ্ভাবন করো' প্রতিপাদ্যে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে র‍্যালিটি শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। র‍্যালিতে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



২২. চট্টগ্রাম সমিতি-ঢাকা'র ২০২৬-২৭ মেয়াদের নির্বাহী পরিষদের নবনির্বাচিত সদস্যদের অভিষেক অনুষ্ঠান রবিবার (২৬ এপ্রিল ২০২৬) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের মুক্তিযোদ্ধা হলে অনুষ্ঠিত হয়েছে। বর্ণাঢ্য এ আয়োজনে সমিতির নেতৃবৃন্দ, বিশিষ্ট ব্যক্তিবর্গ ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার বক্তব্যে নব-নির্বাচিত পরিষদের সদস্যদের অভিনন্দন জানিয়ে বলেন, চট্টগ্রাম সমিতি কেবল একটি আঞ্চলিক সংগঠন নয়, এটি দেশের উন্নয়ন, ঐতিহ্য সংরক্ষণ, জনহিতকর এবং সামাজিক বন্ধন সুদৃঢ় করার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। তিনি আশা প্রকাশ করেন নতুন নেতৃত্ব ঐক্য ও জনকল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে সমিতির কার্যক্রমকে আরও গতিশীল ও অর্থবহ করে তুলবে।



২৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্লাব প্রতিনিধিদের নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৭ এপ্রিল ২০২৬) বিকেলে নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে "Digital Literacy & Uses of NSTU SoftBox" শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক । নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর এ সেমিনারের আয়োজন করে।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

২৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে যুক্তরাজ্য ভিত্তিক সংগঠন সেন্ড অ্যা লিটল হোপের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল ২০২৬) নোবিপ্রবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। সমঝোতা স্মারকে নোবিপ্রবির পক্ষে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী এবং সেন্ড অ্যা লিটল হোপের পক্ষে সংস্থাটির কান্ট্রি ডিরেক্টর ইঞ্জিনিয়ার মো. সাদমান সাকিব চৌধুরী স্বাক্ষর করেন। এ সময় অন্যদের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, সেন্ড অ্যা লিটল হোপের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ সাহাব উদ্দিন এবং উপদেষ্টা আলিফ মেহরাব সহ ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকবৃন্দ।



২৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সাংবাদিক সমিতির (নোবিপ্রবিসাস) উদ্যোগে ‘মুক্ত আলাপ’ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে বিভিন্ন ছাত্রসংগঠনের প্রতিনিধিদের অংশগ্রহণে “শিক্ষার্থী নেতৃত্ব এবং আগামীর ক্যাম্পাস ভাবনা” শীর্ষক এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। নোবিপ্রবিসাসের সভাপতি নাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও নোবিপ্রবিসাসের উপদেষ্টা এ. এফ. এম আরিফুর রহমান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. শিবলুর রহমান।



২৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মাস্টারপ্ল্যান প্রণয়ন বিষয়ক প্রকল্পের ইনসেপশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৯ এপ্রিল ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে 'নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টারপ্ল্যান প্রণয়ন শীর্ষক প্রকল্প' বাস্তবায়নে এ ইনসেপশন মিটিং অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হকের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। সভায় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।



২৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ভৌত অবকাঠামোগত উন্নয়নে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের অংশ হিসেবে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় বিশ্ববিদ্যালয়ের একাধিক উন্নয়ন প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। রাজধানীর এনইসি সম্মেলন কক্ষে, সোমবার (২৭ এপ্রিল ২০২৬) অনুষ্ঠিত এ সভায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল অংশগ্রহণ করেন। বাংলাদেশ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সদস্য (সচিব) এস এম সাকিল আক্তারের সভাপতিত্বে ওই সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সম্প্রসারণ ও আধুনিকায়নের লক্ষ্যে একাডেমিক ভবন ৪, স্টেম (STEM) এক্সিলেন্স হাব, নতুন ৪ টি আবাসিক হল নির্মাণসহ বিভিন্ন ভৌত সুবিধা বৃদ্ধির প্রকল্প উপস্থাপন করা হয়। পাশাপাশি নোবিপ্রবি ও তৎসংলগ্ন এলাকায় নিরাপদ পানি নিশ্চিত করতে লবণাক্ততা এবং আয়রন দূরীকরণ কৌশল সংবলিত অন্য একটি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। এসব প্রকল্পের জন্য প্রায় ৭০০ কোটি টাকার প্রস্তাব প্রাথমিক ধাপ অতিক্রম করেছে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪